মেহেরপুরে নতুন করে ২ জন করোনায় আক্রান্ত

মেহেরপুর নতুন করে আরও ২ জন করোনা আক্রান্ত হয়েছেন। নতুন আক্রান্ত দুজনই মেহেরেপুর সদরের বাসিন্দা। এর মধ্যে একজন বয়স্ক মহিলা।

শুক্রবার সন্ধ্যায় সিভিল সার্জন কার্যালয় সূত্র জানায়, গত ২৪ ঘন্টায় ১৪ জনের নমুনা পরীক্ষায় রিপোর্টের মধ্যে নেগেটিভ আসে ১২ জনের। আর পজেটিভ আসে ২ জনের। তিনি আরো জানান, এ পর্যন্ত জেলা থেকে সর্বমোট ফলাফল এসেছে ৪৭২৭ টি, সর্বমোট পজিটিভ ৬৮৬ জন, সুস্থ্য-৫৯৩ জন, মৃত্যু ১৬, ট্রান্সফার্ড ৫৪ জন।

বর্তমানে মেহেরপুর জেলায় পজিটিভ কেইস এর সংখ্যা ২৩ (সদরে-১৫, গাংনীতে- ৪, মুজিবনগরে- ৪) জন।

ভিন্ন সূূত্রে পাওয়া আক্রান্তরা হলেন- মেহেরপুর শহরের গোরস্থান পাড়ার আব্দুস ছাত্তার(৪৯) অপর জন হলেন আমঝুপির জানু বিশ্বাস (৭৫)।

মেহেরপুরে কাঁচা মরিচের দাম কমলেও কমছে না সবজির দাম

মেহেরপুরের বিভিন্ন বাজার ঘুরে দেখা যায়, সব আড়ত ও কাঁচা সব্জির দোকানে মরিচের দাম কমলেও বাড়তি দামে বিক্রি করছে সব ধরনের সবজি।

বন্যায় যে ফসলের ক্ষতি হয়েছে তার দাম যেমন বেড়েছে তেমনই বন্যার সাথে সম্পর্ক নেই এমন সবজি বা ফসলের দামও বেড়েছে।
শুক্রবার সকালে মেহেরপুর কাঁচা বাজার ঘুরে জানা গেছে, প্রতিকেজি কাঁচা মরিচ বিক্রি হচ্ছে ১২০ টাকায়। একসপ্তাহ আগেও যা বিক্রি হয়েছে ১৫০-১৮০ টাকা কেজি দরে। আলু বিক্রি হচ্ছে ৪০-৪৫ টাকায়। প্রায় সব সবজির কেজি ৫০ টাকার উর্ধে।

বন্যায় দেশের বিভিন্ন জেলার মানুষ ক্ষতিগ্রস্ত। তলিয়ে গেছে ফসলের ক্ষেত। এসব ক্ষেতের ফসল, সবজি, কাঁচা মরিচ বন্যার পানিতে পচে গেছে অনেক আগেই। ফলে বাজারে সরবরাহ কিছু দিন কম ছিলো। কিন্তু এখন বাজারে সবজি শীতকালীন সবজি বাজারে ঢুকলেও কমছে না দাম।

এ বিষয়ে মেহেরপুর কাচা বাজারের ব্যবসায়ী আসকার, আক্তার, মোমিন, বকশো শেখ ও কালাম জানান, আমরা চাষিদের কাছ থেকে সবজি কিনে বাজারে বিক্রি করি, তাই আমরা এখনও চাষিদের কাছ থেকে কম দামের সবজি কিনতে পারিনি সেই সাথে বাজারেও কম সবজি নিয়ে আসছে চাষিরা তাই সবজির দাম একটু বেশি।

এ বিষয়ে তারা আরও বলেন, এক সপ্তাহ আগে কাচা মরিচের দাম বেশি ছিলো সাথে সবজির দাম ও সেই সাথে এই সপ্তাহে কাচা মরিচের দাম কমলেও বাজারে সবজি কম আসেছে তাই কমেনি সবজির দাম।

মেহেরপুর কাচা বাজার গুলো ঘুরে দেখা যায় পিয়াজ- দেশি ৭৫ টাকা, ইন্ডিয়ান- ৬০ টাকা কেজি দরে, কাচা ঝাল- ১২০ টাকা কেজি দরে, রসুন-১০০ টাকা কেজি দরে, আদা- ১২০ টাকা কেজি দরে, ছিম- ৬০ টাকা কেজি দরে, পটল- ৫০টাকা কেজি দরে, ঢেড়স- ৫০ টাকা কেজি দরে, পাতা কপি-৩৫ টাকা কেজি দরে, ফুল কপি- ৬০ টাকা কেজি দরে, পেপে- ২৫ টাকা কেজি দরে, লাল শাক – ২৫ টাকা কেজি দরে, শসা- ৪০ টাকা কেজি দরে, বেগুন- ৫০ টাকা কেজি দরে, কাচা কলা- ৪০ টাকা কেজি দেও, লাউ-৩০/৩৫ টাকা প্রতি পিচ, ওল- ৪০ কেজি দরে, জলপাই- ৩০, পালং শাক -৪০ টাকা কেজি দরে, পুইশাক- ২৫ টাকা, বরবটি- ৫০ টাকা কেজি দরে, ধনেপাতা- ১০০ টাকা কেজি দরে বিক্রি হচ্ছে।

শৈলকপা উপজেলা চেয়ারম্যানের স্মরণে মিলাদ মাহফিল

ঝিনাইদহের শৈলকুপা উপজেলা পরিষদ চত্বরে সদ্য প্রয়াত উপজেলা চেয়ারম্যান ও উপজেলা আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা শিকদার মোশারফ হোসেনের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে এক দোওয়া ও মিলাদ মাহফিল অনুষ্টিত হয়।

উপজেলা আওয়ামী লীগ আয়োজিত এ দোওয়া মাহফিল বাদ জুম্মা উপজেলা পরিষদ মাঠে অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ঝিনাইদহ-১ আসনের সংসদ সদস্য আব্দুল হাই, উপজেলা নির্বাহী কর্মকর্তা মো: সাইফুল ইসলাম, সাবেক উপজেলা চেয়ারম্যান অধ্যাপক আবেদ আলী, নায়েব আলী জোয়ার্দার, জেলা আওয়মী লীগের সাংগঠনিক সম্পাদক এম হাকিম আহমেদ, শৈলকুপা পৌর মেয়র কাজী আশরাফুল আজম, সাবেক জেলা মুক্তিযোদ্ধা কমান্ডার মকবুল হোসেন, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান জাহিদুন্নবি কালু সহ প্রমুখ।

ঝিনাইদহে পৃথক সড়ক দুর্ঘটনায় ২ জন নিহত

ঝিনাইদহের মহেশপুর উপজেলায় আলাদা সড়ক দুর্ঘটনায় ২ জন নিহত হয়েছে। শুক্রবার সকালে মহেশপুর উপজেলার সেজিয়া গ্রাম ও খালিশপুর বাজার এলাকায় এ দুর্ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শীরা জানায়, মহেশপুর উপজেলার খালিশপুর বাজারে রাস্তা পার হচ্ছিল চুয়াডাঙ্গার জীবননগর উপজেলার আব্দুল হামিদের ছেলে মামুনুর রশিদ (৩০)। এসময় ঢাকা থেকে জীবননগর গামী রয়েল পরিবহণের একটি বাস তাকে চাপা দিয়ে পালিয়ে যায়। এতে সে ঘটনাস্থলেই নিহত হয়।

এদিকে মহেশপুর উপজেলার সেজিয়া গ্রামের জানলাকাটা ব্রীজ এলাকায় গরু বোঝায় একটি পিকআপ ভ্যান নিয়ন্ত্রন হারিয়ে রাস্তার পাশের খাদে পড়ে যায়। এতে ঘটনাস্থলেই ঝিনাইদহ সদর উপজেলার হলিধানী ইউনিয়নের প্রতাপপুর গ্রামের আবুল হোসেনের ছেলে সবুজ হোসেন (৩২) নিহত হয়।

মহেশপুর থানার ওসি সাইফুল ইসলাম ঘটনার সত্যতা স্বীকার করে বলেন, লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য সদর হাসপাতাল মর্গে পাঠানো হচ্ছে। এ ঘটনায় আলাদা দুটি অপমৃত্যু মামলা হয়েছে।

ঝিনাইদহ যুবলীগের আয়োজনে এতিমদের মাঝে খাবার পরিবেশন

ঝিনাইদহ সদর থানা যুবলীগের আয়োজনে এতিম শিক্ষার্থীদের মাঝে খাবার পরিবেশন করা হয়েছে। শুক্রবার জুম্মাবাদ সদর উপজেলার পোড়াহাটি ইউনিয়নের চুয়াডাঙ্গা দারুল কোরআন হাফেজীয়া মাদরাসা ও এতিমখানার শিক্ষার্থীদের মাঝে রান্না খাবার পরিবেশন করা হয়। সদর থানা যুবলীগের আহবায়ক শাহ্ মোহাম্মদ ইব্রাহীম খলিল রাজা এ অনুষ্ঠানের আয়োজন করেন। এ সময় উপস্থিত ছিলেন জেলা যুবলীগের অন্যতম সদস্য বিশিষ্ট ব্যবসায়ী ও সমাজ সেবক আলহাজ্ব মোঃ বাসের আলম সিদ্দিকী। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন প্রতিষ্ঠানের সহ-সভাপতি ডাক্তার সিরাজ, সমাজ সেবক মুরাদ খানসহ সদর থানা যুবলীগ ও স্থানীয় যুবলীগের নেতাকর্মীরা। এসময় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বাংলাদেশ আওয়ামী যুবলীগের প্রতিষ্ঠাতা প্রয়াত শেখ ফজলুল হক মনি এর বিদেহী আত্মার মাগফেরাত এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনার দীর্ঘায়ু কামনা করে দোয়া মোনাজাত করা হয়।

মনিরুজ্জজামান রাসেল
ঝিনাইদহ।
মোবাঃ ০১৭১২৯৯৯৭৩৪

হরিণাকুণ্ডুতে সব্জির ব্যাগ থেকে ১ কেজি গাঁজা উদ্ধার

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে কালাম, ইমরান ও জনি নামে তিন মাদক ব্যাবসায়িকে এক কেজি গাঁজাসহ গ্রেপ্তার করেছে থানা পুলিশ। গ্রেপ্তারকৃত জনি ঝিনাইদহ সদর উপজেলার পাঁচটিকারি গ্রামের ফিরোজ হোসেনের ছেলে। ইমরান পাশর্^বর্তি চুয়াডাঙ্গা জেলার দর্শনা

উপজেলার ঠাকুরপুর গ্রামের ইমারুল ইসলামের ছেলে ও কালাম একই গ্রামের আসাদুল ইসলামের ছেলে।

বৃহস্পতিবার রাতে উপজেলার চাঁদপুর বাজার এলাকা থেকে তাদের গ্রেপ্তার করা হয়। এসময় তাদের কাছে থাকা একটি সবজির ব্যাগ তল্লাসি করে এক কেজি গাঁজা উদ্ধার করে পুলিশ।

হরিণাকুণ্ডু থানার ওসি আব্দুর রহিম মোল্লা জানান, রাতে তিনি নিজে উপস্থিত থেকে ওই এলাকায় পুলিশের নিয়মিত টহল পরিচালনা করছিলেন। সেসময় একটি মোটরসাইকেলে করে ওই তিন যুবক যাচ্ছিলেন। এসময় তাদের কাছে থাকা একটি সবজির ব্যাগ তল্লাসি করে এক কেজি গাঁজা উদ্ধার করা হয়। তাদেরকে মাদকদ্রব্য নিয়ন্ত্রন আইনের মামলায় কোর্ট হাজতে প্রেরণ করা হয়েছে বলেও তিনি জানান।

জীবননগরে কৃষকদের মাঝে বিনামূল্যে সার ও বীজ বিতরণ

জীবননগরে কৃষকদের মাঝে বিনামূল্যে সার ও বীজ বিতরণ করা হয়েছে। গতকাল বৃহস্পতিবার সকাল সাড়ে ১০টার সময় জীবননগর উপজেলা প্রশাসন ও উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আয়োজনে উপজেলা পরিষদের হলরুমে এ সব কৃষি উপকরণ বিতরণ করা হয়।

জীবননগর উপজেলা নির্বাহী অফিসার এস এম মুনিম লিংকনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান হাফিজ। এ সময় অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন জীবননগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আঃ সালাম ঈশা, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী, মনোহরপুর ইউপি চেয়ারম্যান সোহরাব হোসেন খাঁন, রায়পুর ইউপি চেয়ারম্যান আব্দুর রশিদ শাহ, জীবননগর উপজেলা সমবায় অফিসার মোতাহার হোসেন, জীবননগর উপজেলা কৃষি কর্মকর্তা শারমিন আক্তার প্রমুখ।

বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতি মেহেরপুর শাখার সভা অনুষ্ঠিত

মেহেরপুর বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতি, মেহেরপুর সদর উপজেলা শাখার কার্য নির্বাহী কমিটির প্রথম সভা অনুষ্ঠিত হয়েছে।
গতকাল বৃহস্পতিবার সকাল ১১ টার সময় বড়বাজার সরকারি প্রাথমিক বিদ্যালয়ে এই সভা অনুষ্ঠিত হয়।
কমিটির সভাপতি মোঃ নুরুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বড়বাজার ব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদক ও সাবেক ছাত্র নেতা মোঃ আমিনুল ইসলাম খোকন।
তিনি বলেন, মেহেরপুরের এই শিক্ষক সংগঠন শিক্ষার গুণগতমান উন্নয়নসহ শিক্ষকদের কল্যাণে কাজ করে যাবে এ ব্যাপারে তিনি সার্বিক সহযোগিতা করবেন।
বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, সংগঠনের জেলা সভাপতি মোঃ হাফিজুর রহমান, গাংনী উপজেলা শাখার সভাপতি মোঃ শাহাব উদ্দীন, সাধারণ সম্পাদক মোঃ আমানুল্লাহ, শিক্ষক নেতা মোঃ আক্তারুজ্জামান, মোঃ রাকিবুল ইসলাম, সদরের শিক্ষক নেতা মোঃ শফিউল ইসলাম, মামুনুর রহমান।
অনান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, সদর উপজেলা শাখার সিনিয়র সহ-সভাপতি মোঃ শহীদুল ইসলাম, সহ-সভাপতি মোঃ নজরুল ইসলাম, ফৌজিয়া আফরৈাজ তুলি, সিনিয়র যুগ্ম-সম্পাদক মোঃ মাসুদ আলম, যুগ্ন-সম্পাদক হাসান খসরু, আতিয়া খন্দকার ইতি, সহ-সম্পাদক মোঃ মাহবুবুর রহমান, মোছাঃ নাজমা পারভীন, মহিলা সম্পাদক মোছাঃ নুরুন্নাহার, সাংগঠনিক সম্পাদক মোঃ আসাদুল হক, অর্থ সম্পাদক মোঃ সাইদুল আলম, দপ্তর সম্পাদক মোঃ আরিফুল ইসলাম, ধর্ম বিষয়ক সম্পাদক মোঃ মহিদুল ইসলাম, শিক্ষা সম্পাদক মোঃ আক্তারুজ্জামান, সাহিত্য সম্পাদক মোঃ মফিজুর রহমান, সংস্কৃতি ও বিনোদন সম্পাদক মোঃ শমসের আলী, যোগাযোগ সম্পাদক মোঃ হাবিবুল্লাহ, প্রচার সম্পাদক মাসুদ রানা, সমাজ কল্যাণ সম্পাদক জেসমিন আরা, ক্রীড়া সম্পাদক মোঃ সেলিম হোসেন, আইন বিষয়ক সম্পাদক মাহাবুব আরা,

প্রাথমিক শিক্ষার গুণগত মান উন্নয়ন সম্পাদক মোঃ এহসানুল হক, সমবায় সম্পাদক মোঃ রাশিদুল হাসান, কাব স্কাউট সম্পাদক মোঃ সোহেল আহম্মেদ, কল্যাণ ট্রাস্ট সম্পাদক মোঃ শরিফুল ইসলাম, সদস্য মোছাঃ মাজেদা খাতুন, মোঃ তোফাজ্জেল হোসেন, দিলারা পারভীন, শামীমা ইয়াসমীন, মোঃ মফিজুর রহমান, মোঃ ফেরদৌস আলম ও লালন কুমার।
সঞ্চালনায় ছিলেন সাধারণ সম্পাদক মোঃ ফিরোজ আহমেদ।

গাংনীতে মদ ও ফেন্সিডিল উদ্ধার

মেহেরপুরের গাংনী উপজেলার সহড়াতলা বিওপির সদস্যরা মদ ও ফেনসিডিল উদ্ধার করেছে।
গতকাল বৃহস্পতিবার ভোরের দিকে সহড়াতলা বিওপির সদস্যরা পরিত্যক্ত অবস্থায় ২৬ বোতল মদ ১৫ বোতল ফেনসিডিল উদ্ধার করেন।
সহড়াতলা সীমান্ত ফাঁড়ির সুবেদার রফিকুল ইসলামের নেতৃত্বে বিজিবি সদস্যরা টহল শেষে ফেরার পথে মাঠে পরিত্যক্ত অবস্থায় মদ ও ফেনসিডিল উদ্ধার করেন।
বিজিবি সদস্যদের আগমনী টের পেয়ে মাদক চোরাকারবারিরা মদ ও ফেন্সিডিল গুলো ফেলে রেখে পালিয়ে যায়।

গাংনীতে অন্ধকার কুঁড়ে ঘরে বৃদ্ধ দম্পতির মানবেতর জীবন যাপন

অনাহারে অর্ধাহারে অন্ধকার কুড়ে ঘরে মানবেতর জীবন যাপন করছে সেকান্দার আলীর ও তার স্ত্রী তারাফোন খাতুন। তাদের বাড়ি মেহেরপুরের গাংনীর বামন্দী ইউনিয়নের ঝোড়াঘাট গ্রামে। বৃদ্ধ